

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং- ৮০.১০৫.০০৩.৪০.০৭.০১১.২০১২/২৫

তারিখঃ ০৬ ফাল্গুন, ১৪২৩ বঙ্গাব্দ।
২০ ফেব্রুয়ারি, ২০১৭ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক (১ম শ্রেণি), নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা এর সেক্রেটারী (১ম শ্রেণি), কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা (১ম শ্রেণি) এবং বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের হিসাব রক্ষণ কর্মকর্তা (২য় শ্রেণি) পদের লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের অধীন শ্রম পরিদপ্তরের সহকারী শ্রম পরিচালক(১ম শ্রেণি), নিম্নতম মজুরী বোর্ড, ঢাকা এর সেক্রেটারী (১ম শ্রেণি) পদে নিয়োগের নিমিত্তে লিখিত পরীক্ষা গত ১৯/০৫/২০১৬ খ্রিঃ তারিখে এবং কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা (১ম শ্রেণি), বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের হিসাব রক্ষণ কর্মকর্তা (২য় শ্রেণি) পদে নিয়োগের নিমিত্তে লিখিত পরীক্ষা গত ০৬/০৪/২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত হয়। বর্ণিত পদগুলির লিখিত পরীক্ষায় নিম্নলিখিত রেজিঃ নম্বরধারী প্রার্থীগণ লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়েছেন। উল্লেখ্য, প্রকাশিত ফলাফলে কোন কারণে কোন সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

সহকারী শ্রম পরিচালক (১ম শ্রেণি) পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের রেজিঃ নম্বরসমূহ :

291272, 304095 Total=02

সেক্রেটারী (১ম শ্রেণি) পদের লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীর রেজিঃ নম্বর :

304097 Total=01

পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা (১ম শ্রেণি) পদের মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীর রেজিঃ নম্বর :

000041 Total=01

২। উল্লেখ্য, সহকারী শ্রম পরিচালক এবং সেক্রেটারী পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মূল আবেদনপত্রের ফরম (Bpsc Form-3) কর্ম কমিশনের ওয়েব সাইট (www.bpsc.gov.bd)-হতে ডাউনলোড করে যথাযথভাবে পূরণ পূর্বক সংশ্লিষ্ট প্রয়োজনীয় সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি এবং ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ আগামী ২৬/০২/২০১৭ খ্রিঃ তারিখ হতে ১২/০৩/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ১০:০০ টা হতে বিকাল ৪:০০ টার মধ্যে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের আগারগাঁও, শেরে বাংলানগর ঢাকা-১২০৭ এর ইউনিট-৫ এ জমা প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে বিপিএসসি ফরম-৩ জমাদান করতে হবে।

৩। উল্লেখ্য, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্থ হাইড্রোকার্বন ইউনিটের হিসাব রক্ষণ কর্মকর্তা (২য় শ্রেণি) পদে নিয়োগের নিমিত্তে লিখিত পরীক্ষায় কোন প্রার্থী উত্তীর্ণ হয়নি।

৪। উল্লিখিত পদগুলির লিখিত পরীক্ষায় উত্তীর্ণ ও যোগ্য প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

৫। বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়ের ওয়েব সাইটঃ www.bpsc.gov.bd থেকেও এ বিজ্ঞপ্তি পাওয়া যাবে।

- ❖ পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
- ❖ চাকরীর ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)।